


পঞ্চম অধ্যায়

# দেব-দেবী ও পূজা-পার্বণ

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### শূন্যস্থান পূরণ কর

১. পূজামন্ত্র পাঠ পূজা করার একটি —— দিক।
২. যে কোনো পূজার আগে —— পূজা করতে হয়।
৩. স্বস্তিবাচন বলতে —— বোঝানো হয়।
৪. সর্বপ্রকার কারবকার্য —— দেবের সৃষ্টি।
৫. স্থাপত্যবেদ নামে একটি উপবেদের রচয়িতা —— ।

**উত্তর :** ১. মৌলিক ২. পঞ্চদেবতার ৩. শুভকামনা ৪. বিশ্বকর্মা ৫. বিশ্বকর্মা দেব

### ডান পাশ থেকে শব্দ বা বাক্যাংশ নিয়ে বাম পাশের সাথে মিল কর

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ১. পূজা করতে পূজাবিধি | লক্ষ্মীপূজা করা হয়। |
| ২. ধূপ সৌরভ সৃষ্টি করে | অত্যন্ত শৌর্যশালী। |
| ৩. প্রতি বৃহস্পতিবার | শিল্পের বিকাশ ঘটে। |
| ৪. বিশ্বকর্মা দেবের চতুর্ভূজ রূপ | মনের পবিত্রতা আনয়ন করে অনুসরণ করতে হয়। |

**উত্তর :**

১. পূজা করতে পূজাবিধি **অনুসরণ করতে হয়।**
২. ধূপ সৌরভ সৃষ্টি করে **মনের পবিত্রতা আনয়ন করে।**
৩. প্রতি বৃহস্পতিবার **লক্ষ্মীপূজা করা হয়।**
৪. বিশ্বকর্মা দেবের চতুর্ভূজ রূপ **অত্যন্ত শৌর্যশালী।**

### নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও

**প্রশ্ন ॥ ১ ॥ পূজার সময় কীভাবে আসন শুদ্ধি ও আচমন করা হয়?**

**উত্তর :** শুদ্ধি করা বলতে বিশুদ্ধ করা বা দোষমুক্ত করাকে বোঝায়। পূজার সময় পূজার যত উপকরণ রয়েছে তা সবই শুদ্ধ করে তারপর পূজা শুরু করতে হয়। যে আসনে পূজা করা হবে সে আসন শুদ্ধি করে নেওয়াকে বলা হয় আসন শুদ্ধি।

আচমন বলতে যে পূজা করবে তার শুদ্ধিকে বোঝায়। নিজের হাত, পা, চোখ পরিষ্কার জল দিয়ে ধুয়ে তিনবার বিশুদ্ধ জল পান করে আচমন করা হয়। এরপর পূজা করতে হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ 'শ্রীশ্রীলক্ষ্মী সম্পদ, সমৃদ্ধি ও সৌভাগ্যের দেবী'– ব্যাখ্যা কর।**

**উত্তর :** লক্ষ্মীদেবী তার ভক্তদের আশীর্বাদ দিয়ে ধনসম্পদ সমৃদ্ধি ও সৌভাগ্য প্রদান করেন। দেবী লক্ষ্মী অত্যন্ত মাধুর্যময়ী ও সুন্দরী। তাই তিনি শ্রী এবং সম্পদ সমৃদ্ধি ও সৌভাগ্যের দেবী। সকলে তার পূজা করে তার আশীর্বাদ পাওয়ার জন্য।

**প্রশ্ন ॥ ৩ ॥ শ্রীশ্রীলক্ষ্মী দেবীর পূজার আর্থ–সামাজিক ও ধর্মীয় প্রভাব চিহ্নিত কর।**

**উত্তর :** শ্রীশ্রীলক্ষ্মী দেবী ধন–সম্পদ ও সমৃদ্ধির দেবী। তার পূজার আর্থ–সামাজিক ও ধর্মীয় প্রভাব নিচে চিহ্নিত করা হলো :

**আর্থ–সামাজিক প্রভাব :**

১. সকলে ধন–সম্পদ প্রাপ্ত হয়।
২. ব্যক্তিগত ও সামাজিক দরিদ্রতা দূর হয়।
৩. সমাজে শান্তি স্থাপিত হয়।
৪. সমৃদ্ধি ও সৌভাগ্য সকলের মাঝে ধরা দেয়।

**ধর্মীয়–প্রভাব :**

১. এ পূজার মাধ্যমে সকলে শান্ত প্রকৃতির হয়।
২. মনে শান্তি বিরাজ করে।
৩. সকলে ধর্মীয় অনুশাসন মেনে চলে।
৪. লক্ষ্মীদেবীর প্রতি বিশ্বাস স্থাপিত হয়।
৫. লক্ষ্মীদেবী সন্তুষ্ট হয়ে রৰা করেন ইত্যাদি।

**প্রশ্ন ॥ ৪ ॥ বিশ্বকর্মা দেবের পূজা কীভাবে করা হয়?**

**উত্তর :** কাজে নৈপুণ্য ও শিল্পকর্মে ও কারুকাজে দক্ষতা লাভ করতে মানুষ বিশ্বকর্মা দেবের পূজা করে। বিশেষ করে কারুশিল্প ও শিল্পপ্রতিষ্ঠানের শ্রমিকেরা তাদের কর্মনৈপুণ্য বৃদ্ধির জন্য এ পূজা করে থাকে। এ পূজা সাধারণত ভাদ্র মাসের সংক্রান্তিতে করা হয়। পঞ্চোপচারে, দশোপচারে ও ষোড়শোপচারে এ পূজা করা যেতে পারে। অন্যান্য দেব–দেবীর পূজার নিয়মেই এ পূজা করা হয়। তবে এ পূজায় পূজারি তার কর্মসংক্রান্ত উপকরণ এনে বিশ্বকর্মা প্রতিমার নিকট রাখে। পূজায় পুষ্পাঞ্জলি ও প্রণামমন্ত্র পাঠ করা হয়।

### নিচের প্রশ্নগুলোর উত্তর দাও

**প্রশ্ন ॥ ১ ॥ 'পূজা–পার্বণে পূজাবিধিগুলোর গুরুত্ব অপরিসীম'–বিশ্লেষণ কর।**

**উত্তর :** হিন্দুধর্মে যে কোনো পূজা–পার্বণের ক্ষেত্রে নির্দিষ্ট কিছু নিয়ম পালন করতে হয়। এ নিয়মগুলো ছাড়া পূজা পালন করা যায় না। প্রায় সকল পূজাতে বিশেষ কিছু নিয়ম মানতে হয়। এছাড়া পূজার ধরনভেদে নিয়মাবলির কিছু পার্থক্যও থাকে। নিয়মাবলিকে বলা হয় পূজাবিধি। পূজাবিধি ঠিকমতো পালন না করলে পূজা পালন সম্পূর্ণ হয় না। পূজার উপকরণ, নিয়মাবলি, বন্দনা ইত্যাদির মাধ্যমে পূজা সম্পূর্ণরূপে পালিত হয়। তাই পূজা–পার্বণে পূজাবিধিগুলোর গুরুত্ব অপরিসীম। পূজারিরা পন্ডিতের কাছ থেকে পূজা পার্বণের নিয়ামাবলি শিখে তারপর পূজা পালন করে থাকে। আমরাও পূজাবিধিগুলো শিখব ও যথাযথভাবে পালন করার চেষ্টা করব।

**প্রশ্ন ॥ ২ ॥ পারিবারিক ও সমাজজীবনে লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব বিশ্লেষণ কর।**

**উত্তর :** নিচে পারিবারিক ও সমাজজীবনে লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব বিশ্লেষণ করা হলো :

**পারিবারিক জীবনে লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব :** পরিবারের সকলে মিলে লক্ষ্মীপূজা করলে পরিবারের ধন–সম্পদ বৃদ্ধি পায়। সমৃদ্ধি ও সৌভাগ্য সংসারকে আরও উন্নত ও শান্তিময় করে তোলে। পরিবার সুখের হয়। একত্রে লক্ষ্মীপূজা করলে পরিবারের সকলের মধ্যে সুসম্পর্ক তৈরি হয়। সকলে সম্প্রীতি ও মৈত্রীর শিক্ষা পায়।

**সমাজজীবনে লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব :** সমাজজীবনে লক্ষ্মী পূজার প্রভাব অনেক। এ পূজা সমাজের সকলের মধ্যে সম্প্রীতি, মৈত্রী গড়ে তোলে। লক্ষ্মীপূজা করলে সমাজ থেকে দারিদ্র্য দূর হয়। সর্বত্র শান্তি বিরাজ করে।

**প্রশ্ন ॥ ৩ ॥ 'শিল্পনৈপুণ্য সৃষ্টিতে অনন্য গুণশালী দেবতা বিশ্বকর্মা'– বিশ্লেষণ কর।**
**উত্তর :** শিল্পনৈপুণ্য সৃষ্টিতে ও কর্মদক্ষতা বৃদ্ধির দেবতা বিশ্বকর্মা দেব। তিনি সকলকে কর্মনৈপুণ্য ও সৃজনী শক্তি প্রদান করেন। তিনি সকলকে তাদের পেশায় উন্নত করতে সক্ষম করেন। এজন্য তার পূজা করতে হয়। যে ব্যক্তি তাকে পূজা করেন তাকে তিনি আশীর্বাদ করেন এবং কৃপা করেন। তার কর্মে সাফল্য ও সৌভাগ্য দেন।

**প্রশ্ন ॥ ৪ ॥ পারিবারিক ও সমাজজীবনে বিশ্বকর্মা দেবের পূজার শিক্ষা ও প্রভাব বিশ্লেষণ কর।**
**উত্তর :** পারিবারিক ও সমাজজীবনে বিশ্বকর্মা দেবের পূজা আমাদের অনেক শিক্ষা দেয়। আমাদেরকে কর্মঠ ও কর্মোৎসাহী করে তোলে। আমরা তাঁর কাছ থেকে কাজ করার নৈপুণ্য অর্জনের সঙ্গে সঠিক উপায়ে জীবিকা নির্বাহের শিক্ষা পাই। এতে করে ঈশ্বর আমাদের ওপর সন্তুষ্ট হন। কারণ, তিনি অলস ব্যক্তিকে পছন্দ করেন না। সৎ ও কর্মঠ ব্যক্তিকে পছন্দ করেন।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. পূজার উপচার হিসেবে কোনটি শক্তির প্রতীক?**
ক ধূপ   খ পুষ্প   ● প্রদীপ   ঘ নৈবেদ্য

**২. পূজায় আচমনের সাথে কোন দেবতাকে স্মরণ করতে হয়?**
ক শিব   ● বিষ্ণু   গ ব্রহ্মা   ঘ অগ্নি

**৩. দেব-দেবীর পূজায় আত্মসমর্পণ বিধিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এর মাধ্যমে আমরা –**
i. প্রত্যাশা পূরণ করি
ii. ভক্তির প্রকাশ ঘটাই
iii. ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
প্রতীতিদের বাড়িতে প্রতিবছর আশ্বিন মাসের পূর্ণিমাতিথিতে বিশেষ পূজা করা হয়। প্রতীতিও তার মায়ের সাথে উপবাস থেকে এ পূজা করে। এ উপলক্ষে তাদের বাড়িতে বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনের সমাগম ঘটে এবং এক আনন্দময় পরিবেশ সৃষ্টি হয়।

**৪. প্রতীতি কোন দেবীর পূজা করে?**
ক সরস্বতী   ● লক্ষ্মী   গ গণেশ   ঘ বিশ্বকর্মা

**৫. প্রতীতি উক্ত দেবীর পূজা করে লাভ করবে—**
i. শান্তস্বভাব   ii. ধনসম্পদ   iii. শিল্পনৈপুণ্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ-১, ২ ও ৩ : পূজাবিধি ■ পৃষ্ঠা- ৩৫ ও ৩৬

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬. 'পূজা' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
● প্রশংসা করা   খ নিন্দা করা   গ উৎসব করা   ঘ আরতি করা

**৭. 'পার্বণ' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক আচারনিষ্ঠা   ● উৎসব   গ ধর্মাচার   ঘ সংস্কার

**৮. পূজার জন্য কী অনুসরণ করা হয়?** (জ্ঞান)
ক আচার   খ সংস্কার   ● নিয়ম   ঘ ধর্ম

**৯. পূজার আধার কয়টি?** (জ্ঞান)
ক ৫   খ ৬   গ ৭   ● ৮

**১০. যে কোনো পূজা শুরুর পূর্বে কার পূজা করা হয়?** (জ্ঞান)
ক গণেশের   ● পঞ্চদেবতার   গ নারায়ণের   ঘ অগ্নির

**১১. পঞ্চদেবতা কারা?** (অনুধাবন)
ক শিব, বিষ্ণু, ব্রহ্মা, গণেশ, কৃষ্ণ   খ শিব, ব্রহ্মা, বিষ্ণু, কালি, সূর্য
● শিব, বিষ্ণু, সূর্য, অগ্নি, কালী   ঘ শিব, বিষ্ণু, সূর্য, অগ্নি, ব্রহ্মা

**১২. পূজাবিধি কাকে বলে?** (অনুধাবন)
● পূজার নিয়মনীতিকে   খ পূজার আধারকে
গ পূজার সংস্কারকে   ঘ পূজার উপাচারকে

**১৩. পূজা শুরুর পূর্বে কী করতে হয়?** (জ্ঞান)
ক ঘট স্থাপন   ● শুদ্ধিকরণ   গ আচমন   ঘ সংকল্প গ্রহণ

**১৪. আচমনের পর কী করতে হয়?** (জ্ঞান)
ক সংকল্প গ্রহণ   খ ঘট স্থাপন   গ প্রাণ প্রতিষ্ঠা   ● স্বস্তিবচন

**১৫. দেবতার মনে পবিত্রতা আনতে কী সমর্পণ করা হয়?** (জ্ঞান)
ক পুষ্প   ● চন্দন   গ কর্পূর   ঘ জল

**১৬. দেব-দেবীকে সন্তুষ্ট করতে কী দিয়ে পূজা করা হয়?** (জ্ঞান)
● পুষ্প   খ চন্দন   গ কর্পূর   ঘ জল

**১৭. সৌরভ সৃষ্টি করে কোনটি?** (জ্ঞান)
ক প্রদীপ   ● ধূপ   গ চন্দন   ঘ কর্পূর

**১৮. পূজার উপচার হিসেবে প্রদীপ কিসের প্রতীক?** (অনুধাবন)
● শক্তির   খ আলোর   গ আত্মার   ঘ সত্যের

**১৯. ধর্ম অনুসারে প্রদীপ কিসের প্রতীক?** (অনুধাবন)
ক শক্তির   খ আলোর   ● আত্মার   ঘ সত্যের

**২০. আলো কীসের প্রতীক?** (অনুধাবন)
● জ্ঞানের   খ সত্যের   গ শক্তির   ঘ আত্মার

**২১. 'উপচার' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক আধার   ● উপকরণ   গ পার্বণ   ঘ নীতি

**২২. পঞ্চোপচারে কয়টি উপচার থাকে?** (জ্ঞান)
ক ২   খ ৩   গ ৪   ● ৫

**২৩. দশোপচারে কয়টি উপচার থাকে?** (জ্ঞান)
ক ৫   ● ১০   গ ১৫   ঘ ২০

**২৪. ঈশ্বর পৃথিবীতে আবির্ভূত হয়ে থাকেন কেন?** (অনুধাবন)
● মঙ্গলের জন্য   খ পূজা করার জন্য
গ রাজত্বের জন্য   ঘ বৃক্ষরোপণের জন্য

**২৫. দেব-দেবীর প্রতি ভক্তির সৃষ্টি হয় কিরূপে?** (অনুধাবন)
ক উৎসবের মাধ্যমে   ● পূজা-পার্বণের মাধ্যমে
গ শ্রদ্ধার মাধ্যমে   ঘ পুষ্পাঞ্জলির মাধ্যমে

**২৬. পূজার শুরুতে পুরোহিতরা স্বস্তিবচন করেন কেন?** (অনুধাবন)
ক পূজা শুরু করার জন্য   ● শুভ কামনার জন্য
গ প্রতিমা স্থাপনের জন্য   ঘ আরতি করার জন্য

**২৭. মন্ত্র পাঠের মাধ্যমে দেহে জল ছিটানো হয় কেন?** (অনুধাবন)
ক শুভ কামনার জন্য   খ পূজার জন্য
গ নীতির জন্য   ● শুদ্ধ করার জন্য

**২৮. আরতি প্রদান করা হয় কীভাবে?** (অনুধাবন)
● কর্পূর প্রজ্বলিত করে   খ আলো জ্বালিয়ে
গ পুষ্প দিয়ে   ঘ নৈবেদ্য দিয়ে

**২৯. পূজার মৌলিক দিকগুলোর মধ্যে কী রয়েছে?** (উচ্চতর দক্ষতা)
ক প্রতিমা   খ জল ● প্রার্থনামন্ত্র পাঠ   ঘ মঙ্গল

**৩০. ঈশ্বরের পাশাপাশি অন্য দেব-দেবীকে পূজা করার পেছনে বিভিন্ন কারণ রয়েছে। মুক্তা কোন কারণকে সমর্থন করবে?** (প্রয়োগ)
ক দেব-দেবী ঈশ্বরের বিভিন্ন নাম   খ দেব-দেবী ঈশ্বরের বিভিন্ন অঙ্গ

● দেব-দেবী ঈশ্বরের বিশেষ গুণ ⓘ দেব-দেবী ঈশ্বরের বিভিন্ন বয়স

**৩১. শুক্লা ঈশ্বরের বিভিন্ন রূপকে ফুল ও নানা উপকরণ দিয়ে পূজা করে। এর পেছনে কোন কারণ রয়েছে?** (প্রয়োগ)
● শ্রদ্ধা নিবেদন ⓑ সুন্দর করে সাজানো
ⓒ ইচ্ছাপূরণ ⓓ প্রতিমা প্রতিষ্ঠা

**৩২. অর্ণব জেনেছে, পূজা ও পার্বণের মধ্যে পার্থক্য রয়েছে। সেটি কী?** (প্রয়োগ)
ⓐ পূজা হলো উৎসব আর পার্বণ হলো শ্রদ্ধা নিবেদন
● পূজা হলো শ্রদ্ধা নিবেদন আর পার্বণ হলো উৎসব
ⓒ পার্বণের পূর্বে পূজা করা হয়
ⓓ পূজার পূর্বে পার্বণ করা হয়

**৩৩. ধর্মগুরু বললেন পঞ্চোপচার, দশোপচার, ষোড়শোপচারের মধ্যে সাদৃশ্য রয়েছে। সাদৃশ্য কোন দিকে?** (প্রয়োগ)
ⓐ এর একটি দিয়ে পূজা করা যায় ⓑ এর দুটি দিয়ে পূজা করা যায়
ⓒ শুধু প্রথমটি দিয়ে পূজা করা যায় ● তিনটি দিয়েই পূজা করা যায়

**৩৪. আরতি করার প্রয়োজনীয়তা হিসেবে নিচের কোনটি যথার্থ?** (উচ্চতর দক্ষতা)
ⓐ দুঃখ দূর করা ⓑ কল্যাণ করা
● খারাপ দিকসমূহ দূর করা ⓓ আশীর্বাদ করা

**৩৫. বিভিন্ন দেব-দেবীর পূজা বিভিন্নভাবে করা হয়। এর যথার্থ কারণ কোনটি?** (উচ্চতর দক্ষতা)
● বিশেষ পূজাবিধি অনুসরণ করতে হয়
ⓑ বিশেষ ধর্মাচার অনুসরণ করতে হয়
ⓒ বিশেষ সংস্কার অনুসরণ করতে হয়
ⓓ বিশেষ মন্ত্র পাঠ করা হয়

**৩৬. পূজা করার মধ্যে রয়েছে দেবতার আবাহন, ধ্যান, প্রাণ প্রতিষ্ঠা, প্রার্থনামন্ত্র পাঠ, আরতি প্রভৃতি।-উক্তিটির মধ্যে কোন বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়?** (উচ্চতর দক্ষতা)
ⓐ পূজার সংকল্প ● পূজার নিয়মনীতি ⓒ প্রতিমা প্রতিষ্ঠা ⓓ দেবতার আমন্ত্রণ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৭. অন্ধকার দূর করে মানুষের মধ্যে সত্যের উন্মোচন করে। উক্তিটিতে পূজার কোন উপকরণের বৈশিষ্ট্য ফুটে উঠেছে-** (উচ্চতর দক্ষতা)
ⓐ আরতি প্রদান ⓑ ধূপ দেওয়া ● প্রদীপ জ্বালানো ⓓ সমর্পণ করা

**৩৮. পঞ্চোপচারে রয়েছে-** (অনুধাবন)
i. গন্ধ ii. পুষ্প iii. অর্ঘ্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**৩৯. প্রতিমা, ঘট, পুষ্প- এগুলো পূজার-** (অনুধাবন)
i. উপকরণ ii. আধার iii. নিয়ম
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ● i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**৪০. দেবতাদের পূজা করার জন্য গুরুত্বপূর্ণ-** (অনুধাবন)
i. আরতি প্রদান ও বিসর্জন ii. দেবতার ধ্যান, মন্ত্র পাঠ
iii. পুষ্পাঞ্জলি, প্রার্থনা, আত্মসমর্পণ
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**৪১. যে কোনো পূজার শুরুতে পঞ্চদেবতার পূজা করা হয়। এখানে পঞ্চদেবতা বলতে বোঝানো হয়েছে-** (উচ্চতর দক্ষতা)
i. শিব, বিষ্ণু ও সূর্য দেবের পূজা করা ii. ব্রহ্মা, বিষ্ণু, গণেশের পূজা করা
iii. অগ্নি ও কালী দেবীর পূজা করা
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ● i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৪২ ও ৪৩নং প্রশ্নের উত্তর দাও :**
শীলার বাড়িতে পূজা হচ্ছে। কিন্তু সেখানে কোনো প্রতিমা নেই। ছোট একটি কলস বসিয়ে পূজা করা হচ্ছে। তখন সে পূজার উপকরণগুলো দেখে বোঝার চেষ্টা করে, কী পূজা হচ্ছে।

**৪২. শীলার বাড়িতে কোন বস্তু বসিয়ে পূজা করা হচ্ছে?** (প্রয়োগ)
ⓐ আসন ● ঘট ⓒ বস্ত্র ⓓ পুষ্প

**৪৩. সাধারণ পূজা করার ক্ষেত্রে যে উপচার অধিক ব্যবহার্য-** (প্রয়োগ)
i. পঞ্চোপচার ii. দশোপচার iii. ষোড়শোপচার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

# পাঠ-৪, ৫, ৬ ও ৭ : শ্রীশ্রী লক্ষ্মীদেবীর পরিচয় ও পূজা পদ্ধতি, লক্ষ্মীদেবীর পুষ্পাঞ্জলি, প্রণামমন্ত্র এবং লক্ষ্মীপূজার শিক্ষা ও প্রভাব ■ পৃষ্ঠা-৩৬-৩৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৪. লক্ষ্মী কাসের দেবী?** (জ্ঞান)
ⓐ বিদ্যার ⓑ শক্তির ● ধন-সম্পদের ⓓ সৃষ্টির

**৪৫. দেবীলক্ষ্মী দেবীর বাহন কী?** (জ্ঞান)
● পেঁচা ⓑ ইঁদুর ⓒ খরগোশ ⓓ ময়ূর

**৪৬. লক্ষ্মী কার সহধর্মিণী?** (জ্ঞান)
ⓐ ব্রহ্মা ● বিষ্ণু ⓒ শিব ⓓ গৌর

**৪৭. দেবীলক্ষ্মী কাসের প্রতীক?** (জ্ঞান)
ⓐ সম্পদের ⓑ শক্তির ⓒ জ্ঞানের ● সৌন্দর্য ও স্নিগ্ধতার

**৪৮. আমাদের পরিবারের উন্নতি কাসের ওপর নির্ভর করে?** (জ্ঞান)
ⓐ ধৈর্যের ● সম্পদের ⓒ সত্যের ⓓ জ্ঞানের

**৪৯. কে হরিপ্রিয়া নামে পরিচিত?** (জ্ঞান)
● লক্ষ্মী ⓑ বিষ্ণু ⓒ দুর্গা ⓓ চণ্ডী

**৫০. কী বারে লক্ষ্মীপূজা করা হয়?** (জ্ঞান)
ⓐ শনি ⓑ মঙ্গল ⓒ সোম ● বৃহস্পতি

**৫১. কোন তিথিতে লক্ষ্মীপূজা করা হয়?** (জ্ঞান)
ⓐ অষ্টমী ⓑ নবমী ● পূর্ণিমা ⓓ অমাবস্যা

**৫২. লক্ষ্মীদেবীর ওপর বিশ্বাস স্থাপিত হয় কীভাবে?** (অনুধাবন)
● পূজার মধ্য দিয়ে ⓑ ভক্তির মধ্য দিয়ে
ⓒ দানের মধ্য দিয়ে ⓓ জ্ঞানের মধ্য দিয়ে

**৫৩. লক্ষ্মীপূজা করা হয় কেন?** (অনুধাবন)
ⓐ জ্ঞানের আশায় ⓑ শক্তির আশায়
● ধন-সম্পদের আশায় ⓓ মৈত্রীর আশায়

**৫৪. দেবী পূজারীকে শান্ত করে তোলেন কীরূপে?** (অনুধাবন)
ⓐ ধ্বংস রূ প প্রকাশ করে ● শান্ত রূ প প্রকাশ করে
ⓒ অলৌকিক রূ প প্রকাশ করে ⓓ সৌন্দর্য প্রকাশ করে

**৫৫. পূজারিদের ভক্তি প্রতিষ্ঠিত হয় কীভাবে?** (অনুধাবন)
ⓐ মন্দিরভিত্তিক পূজার মাধ্যমে
ⓑ পারিবারিক পূজার মাধ্যমে
ⓒ সার্বজনীন পূজার মাধ্যমে
● পারিবারিক ও মন্দিরভিত্তিক পূজার মাধ্যমে

**৫৬. মোহনা দেবী লক্ষ্মী ও বিশ্বকর্মা পূজা পদ্ধতিতে কী মিল খুঁজে পেয়েছে?** (প্রয়োগ)
ⓐ একই মাসে পূজা করা হয় ⓑ একই প্রণাম মন্ত্র পাঠ করা হয়
● একই উপচারে পূজা হয় ⓓ একই পুষ্প প্রদান করা হয়

**৫৭. লক্ষ্মীপূজায় সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মানুষ এক হয়ে কাজ করে। এর ফলে সমাজে কী সৃষ্টি হয়?** (উচ্চতর দক্ষতা)
ⓐ মমত্ববোধ ● একাত্মতাবোধ
ⓒ সততা ⓓ বিশ্বাস

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৮. হিন্দু পরিবারে প্রতিদিন-** (অনুধাবন)
i. সরস্বতী পূজা করা হয় ii. লক্ষ্মীপূজা করা হয়
iii. ঈশ্বর বন্দনা করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**৫৯. 'ওঁ বিশ্বরূপস্য ভার্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।' উক্তিটিতে বোঝানো হয়েছে–** (উচ্চতর দক্ষতা)
i. হে দেবী কল্যাণী, বিশ্বরূ প শ্রীবিষ্ণুর স্ত্রী ii. তুমি পদ্মা ও পদ্মার আলয়
iii. সকলকে শুভ ফল দাও
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৬০ ও ৬১নং প্রশ্নের উত্তর দাও–**
মিতার মা প্রতিদিনই এক দেবীর পূজা করেন। বিশেষ করে প্রতি বৃহস্পতিবার আয়োজন করে পূজা করেন। সংসারের উন্নতির জন্য তিনি এ পূজা করে থাকেন।

**৬০. উদ্দীপকের মিতার মা প্রতি বৃহস্পতিবার আয়োজন করে কোন দেবীর পূজা করেন?** (প্রয়োগ)
ⓚ মঙ্গলচণ্ডী ⓚ সরস্বতী ● লক্ষ্মী ⓖ মনসা

**৬১. উক্ত দেবী হলেন–** (উচ্চতর দৰতা)
i. সৌন্দর্যের দেবী ii. ধনসম্পদের দেবী iii. বিদ্যার দেবী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## পাঠ-৮, ৯ ও ১০ : বিশ্বকর্মা দেবের পরিচয় ও পূজাপদ্ধতি, বিশ্বকর্মা পূজার পুষ্পাঞ্জলি, প্রণামমন্ত্র এবং বিশ্বকর্মা পূজার শিক্ষা ও এর প্রভাব ■ পৃষ্ঠা-৩৭-৩৮

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬২. শিল্প ও ভাস্কর্যের দেবতা কে?** (জ্ঞান)
● বিশ্বকর্মা ⓚ কার্তিক ⓖ ব্রহ্মা ⓖ গণেশ

**৬৩. এ বিশ্বের প্রধান স্থপতি কে?** (জ্ঞান)
ⓚ ব্রহ্মা ⓚ বিষ্ণু ⓖ শিব ● বিশ্বকর্মা

**৬৪. বিশ্বকর্মা কী অনুসারে দেবশিল্পী?** (জ্ঞান)
ⓚ বেদ ● পুরাণ ⓖ গীতা ⓖ রামায়ণ

**৬৫. বিশ্বকর্মা কী রচনা করেন?** (জ্ঞান)
● স্থাপত্য বেদ ⓚ ভাস্কর্য বেদ ⓖ কৌশল বেদ ⓖ অথর্ববেদ

**৬৬. কোন মাসে বিশ্বকর্মার পূজা করা হয়?** (জ্ঞান)
ⓚ আশ্বিন ⓚ কার্তিক ● ভাদ্র ⓖ শ্রাবণ

**৬৭. ব্রহ্মকুঠার কে ধারণ করেন?** (জ্ঞান)
ⓚ কার্তিক ⓚ বিষ্ণু ⓖ গণেশ ● বিশ্বকর্মা

**৬৮. বিশ্বকর্মা দেবের কয়টি হাত?** (জ্ঞান)
ⓚ ২ ● ৪ ⓖ ৬ ⓖ ১০

**৬৯. মানুষ শিল্পকলায় পারদর্শিতা লাভ করে কীভাবে?** (অনুধাবন)
● বিশ্বকর্মা দেবের কৃপায় ⓚ লক্ষ্মীর কৃপায়
ⓖ ব্রহ্মার কৃপায় ⓖ বিষ্ণুর কৃপায়

**৭০. বিশ্বকর্মার পূজা করা হয় কেন?** (অনুধাবন)
ⓚ জ্ঞানলাভের জন্য ⓚ ধনসম্পদের জন্য
● শিল্পনৈপুণ্য লাভের জন্য ⓖ নিয়ম পালনের জন্য

**৭১. বিশ্বকর্মাকে কেন দ্বারকাপুরী নির্মাণের আদেশ দেওয়া হয়েছিল বলে তুমি মনে কর?** (প্রয়োগ)
● তিনি ভাস্কর্যের দেবতা বলে ⓚ তিনি সৃষ্টি করবেন বলে
ⓖ তিনি মহিমা প্রকাশ করবেন বলে ⓖ তিনি শক্তি প্রকাশ করবেন বলে

**৭২. পূজারিদের ধন–সম্পদ দান করার পেছনে শিল্পী কোন ধরনের কারণ খুঁজে পেয়েছে?** (অনুধাবন)
ⓚ উন্নতি হওয়া ● সন্তুষ্ট হওয়া ⓖ মহিমা প্রকাশ ⓖ সততার জন্য

**৭৩. বিশ্বকর্মা ব্রহ্মার নির্দেশে কিষ্কিন্ধ্যা নগরী, পুষ্পরথ, ইন্দ্রের বজ্র প্রভৃতি নির্মাণ করেনি।– উক্তিটিতে বিশ্বকর্মা দেবের কোন গুণের পরিচয় ফুটে উঠেছে?** (উচ্চতর দক্ষতা)
● শিল্প ⓚ কৌশল ⓖ সৃষ্টি ⓖ মহিমা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৪. বিশ্বকর্মা দেবের হাতে রয়েছে–** (অনুধাবন)
i. তুলাদণ্ড ii. ব্রহ্মকুঠার iii. ধনুক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৭৫. বিশ্বকর্মা পূজা হয়–** (অনুধাবন)
i. ভাদ্র মাসে ii. অষ্টমী তিথিতে iii. সংক্রান্তি তিথিতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৭৬. গোলক দক্ষ স্বর্ণশিল্পী দেবতা বিশ্বকর্তার সাথে তার সাদৃশ্য রয়েছে–** (অনুধাবন)
i. শিল্পনৈপুণ্যে ii. দৰতায় iii. কৌশলগত
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৭৭. বিশ্বকর্মা পূজা করার যথার্থ কারণ হলো–** (উচ্চতর দৰতা)
i. উন্নতি লাভ করা ii. কর্মে শিল্পনৈপুণ্য লাভ করা
iii. শিল্পের বিকাশ
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৮ ও ৭৯নং প্রশ্নের উত্তর দাও :**
সুবীর কর্মকার তার স্বর্ণের দোকান খুলে একজন দেবতাকে প্রণাম করে কাজ শুরব করেন। এতে তার দোকানে উত্তরোত্তর উন্নতি হচ্ছে।

**৭৮. সুবীর কর্মকার দোকান খুলে কোন দেবতাকে প্রণাম করেন?** (প্রয়োগ)
● বিশ্বকর্মা ⓚ শনি ⓖ দুর্গা ⓖ গণেশ

**৭৯. দোকানে বিশ্বকর্মাকে প্রণাম করার ফলে সুবীরের–** (উচ্চতর দৰতা)
i. কর্মে শিল্পনৈপুণ্য লাভ হয় ii. কর্মে মেধানৈপুণ্য লাভ হয়
iii. পারিবারিক শান্তি আসে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
অবনীবাবু দা, বটি, কাঁচি তৈরি করে জীবিকা নির্বাহ করেন। তিনি এ পেশায় দৰতা অর্জন ও কৃপালাভের আশায় প্রতিবছর পরম ভক্তিতে পঞ্চোপচারে এক বিশেষ দেব–দেবীর পূজা করেন। এ পূজায় তার পেশায় ব্যবহৃত উপকরণসমূহ প্রতিমার কাছে রাখেন। তাঁর আকাঙ্ক্ষা পেশাগত পারদর্শিতা লাভ।

ক. পূজা শব্দের অর্থ কী? ১
খ. পূজার একটি বিধি ব্যাখ্যা কর। ২
গ. অবনীবাবু প্রতিবছর পরম ভক্তিতে কোন দেবতার পূজা এবং কীভাবে করেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অবনীবাবুর ব্যক্তিজীবনে উক্ত পূজার শিৰা ও প্রভাব মূল্যায়ন কর। ৪

### ▸◂ ১নং প্রশ্নের উত্তর ▸◂

ক. পূজা শব্দের অর্থ প্রশংসা করা।

খ. সংকল্প গ্রহণ পূজার একটি অন্যতম বিধি।

পূজার বহুরকম বিধি আছে। তার মধ্যে একটি হলো সংকল্প গ্রহণ। এটি খুব গুরুত্বপূর্ণ একটি বিধি। এটি হচ্ছে পূজা সঠিকভাবে পালনের ইচ্ছা বা প্রতিজ্ঞা। সংকল্প গ্রহণ না করলে পূজা শুদ্ধ হয় না। দৃঢ় ইচ্ছা নিয়ে পূজা করলে ঈশ্বর আমাদের কৃপা করেন।

গ. অবনীবাবু প্রতিবছর পরম ভক্তিতে বিশ্বকর্মা দেবের পূজা করেন।

আমরা জানি, বিশ্বকর্মা দেব হিন্দুধর্মানুসারে শিল্প ও ভাস্কর্য এবং যন্ত্র কৌশলের দেবতা। বিশ্বকর্মা দেবের পূজা ভাদ্রমাসের সংক্রান্তি তিথিতে হয়ে থাকে। পূজার রীতিনীতি অন্য সকল পূজার মতোই। তবে এ পূজার সময় বিশ্বকর্মা দেবের প্রতিমার পাশে পারিবারিক সদস্যগণ যে সকল পেশায় নিয়োজিত তাদের ব্যবহৃত উপকরণসমূহ রাখতে হয়। এরপর পঞ্চোপচার, দশোপচার বা ষোড়শোপচারে পূজা করা হয়।

উদ্দীপকেও আমরা দেখি যে, অবনীবাবু তার কর্মে দক্ষতা ও সাফল্য আনতে চান। তিনি পঞ্চোপচারে অন্যান্য পূজার মতো করে এ পূজা পালন করেন। তবে পূজার সময় তার পেশার উপকরণগুলো প্রতিমার পাশে রাখেন তার অনুগ্রহের জন্য। তিনি অনেক ভক্তির সাথে পূজা পালন করে নিজের কর্মদক্ষতা বাড়াতে চান। ঈশ্বরের কৃপা লাভ করতে চান। সুতরাং অবনীবাবু প্রতি বছর পরম ভক্তিতে বিশ্বকর্মা দেবের পূজা করেন।

ঘ. অবনীবাবুর ব্যক্তিজীবনে বিশ্বকর্মা দেবের পূজার শিৰা ও প্রভাব অপরিসীম।

বিশ্বকর্মা দেব এ মহাবিশ্বের স্থপতি। তার পূজার মাধ্যমে তিনি সন্তুষ্ট হয়ে শিল্প, বিজ্ঞান ও কারৰশিল্প ইত্যাদির দৰতা বৃদ্ধিতে সহায়তা করেন। সুপ্ত প্রতিভার বিকাশ তারই কৃপায় ঘটে। লোকশিল্পের বিকাশ, শিল্পকলা ও যান্ত্রিক বিদ্যায় পারদর্শী হওয়া যায় শুধু তারই আশীর্বাদে।

'উদ্দীপকেও আমরা দেখি যে, অবনীবাবু তার পেশাগত উন্নতির জন্য বিশ্বকর্মা দেবের পূজা করেন। এ পূজা তার ব্যক্তিজীবনে ও প্রভাব ফেলে। তিনি ঈশ্বরের কৃপায় বিশ্বাস করেন। এক মনে তিনি নিজের উন্নতি চান, তিনি বিশ্বাস করেন এ পূজা তাকে পেশাগত উন্নতি দেবে। এ বিশ্বাস ও ভক্তির জন্য তিনি এ পূজা করেন। এভাবে বিশ্বাস ও ভক্তির সাথে পূজা করলে ঈশ্বর সন্তুষ্ট হন।

সুতরাং উপরিউক্ত আলোচনার দ্বারা এটাই প্রমাণিত হয় যে, অবনী বাবুর ব্যক্তিজীবনে বিশ্বকর্মা দেবের পূজার শিৰা ও প্রভাব অপরিসীম।

**প্রশ্ন -২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

পণ্ডিত সুধীর শর্মা সমবেত ভক্তদের উদ্দেশে বলেন, হিন্দুধর্মানুসারে ব্রাহ্মণরাই সকল পূজা করে থাকেন। যে কোনো একটি বস্তুকে আধার করে নিয়মনীতি ও উপচার ব্যবহার করে পূজা করতে হয়। সর্বশেষ তিনি বলেন, দেব-দেবীর পূজাভেদে উপচার ভিন্ন হয়। **[ পাঠ-১, ২ ও ৩ ]**

ক. 'পার্বণ' শব্দের অর্থ কী? ১

খ. সংকল্প গ্রহণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে পণ্ডিত সুধীর শর্মা ভক্তদের পূজার কোন দিকটির বিষয়ে বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্ডিত সুধীর শর্মার সর্বশেষ বক্তব্যের সপৰে মতামত উপস্থাপন কর। ৪

## ▸◂ ২নং প্রশ্নের উত্তর ▸◂

ক. 'পার্বণ' শব্দের অর্থ হলো পর্ব বা উৎসব।

খ. পূজাবিধির একটি অংশ হলো সংকল্প গ্রহণ।

পূজারিকে পূজার এক পর্যায়ে সংকল্প গ্রহণ করতে হয়। 'সংকল্প' শব্দের অর্থ প্রতিজ্ঞা বা দৃঢ় ইচ্ছা। সঠিকভাবে পূজার কাজ সম্পাদনের সংকল্প নেওয়াই হলো সংকল্প গ্রহণ।

গ. উদ্দীপকে পণ্ডিত সুধীর শর্মা ভক্তদের পূজাবিধির কথা বলেছেন।

আমরা জানি, হিন্দুধর্মে পূজাপাঠের নিয়ম অনেক। পূজার শুরুতে পূজার উপকরণ শুদ্ধ করে নিতে হয়। তারপর পূজারি আচমন করতে হয়। তারপর সবার জন্য শুভকামনা, সংকল্প গ্রহণ, অভীষ্ট দেবতাকে আহ্বান জানাতে হয়। শুদ্ধ জল ও পরিচ্ছদ সমর্পণ করতে হয়। চন্দনসহ পুষ্প অর্পণ, নৈবেদ্য ও পান-সুপারি সমর্পণ করতে হয়। দেবতার উদ্দেশে ধ্যান, মন্ত্রপাঠ, পুষ্পাঞ্জলি ও প্রণাম করতে হয়। তারপর অভীষ্ট দেবতার উদ্দেশে আরতি প্রদান, প্রতিমা বিসর্জন প্রভৃতি পূজার নিয়মনীতি।

উদ্দীপকেও আমরা তাই দেখি যে, পণ্ডিত সুধীর শর্মা তার ভক্তদের বলেন ব্রাহ্মণরা পূজাবিধি অনুসরণ করে সকল পূজা করে থাকেন। তারা একটি বস্তুকে আধার করে নিয়মনীতি ও উপচার ব্যবহার করে পূজা করেন। সুতরাং উদ্দীপকে পণ্ডিত সুধীর শর্মা ভক্তদের পূজাবিধির কথা বলেছেন।

ঘ. উদ্দীপকের পণ্ডিত সুধীর শর্মার সর্বশেষ বক্তব্য হলো- 'দেব-দেবীর পূজাভেদে উপচার ভিন্ন হয়।' আমি তার এ বক্তব্যকে সমর্থন করি।

কারণ হিন্দুধর্মানুসারে ঈশ্বরের বিভিন্ন শক্তির বিভিন্ন সাকার রূ প রয়েছে। বিভিন্ন দেব-দেবীরূ পে আমরা তাদের পূজা করে থাকি। বিভিন্ন দেব-দেবীর পূজার মৌলিক নিয়ম এক রকম হলেও কিছুটা ভিন্নতা রয়েছে। এক এক দেবতার পূজায় এক এক ধরনের উপকরণ লাগে। যেমন সরস্বতী পূজায় পলাশ ফুল কিংবা দুর্গা পূজায় পদ্মফুল। দেব-দেবীর পূজা বিভিন্ন উপচার অনুসারে ভিন্নভাবে করা যেতে পারে। উপচারের সংখ্যার ওপর ভিত্তি করে উপচারের নাম হয়। উপচার হলো উপকরণ। পাঁচটি উপকরণের মাধ্যমে পঞ্চোপচার পূজা করা হয়। দশটি উপকরণ দিয়ে করা হয় দশোপচার পূজা। পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য এগুলো হলো দশোপচার পূজার উপকরণ। এছাড়াও ষোড়শোপচার পূজার উপকরণ ষোলোটি।

উদ্দীপকেও আমরা দেখতে পাই যে, পণ্ডিত সুধীর শর্মা তার ভক্তদের উদ্দেশ করে বলেন, হিন্দুধর্মানুসারে ব্রাহ্মণরাই সব দেব-দেবীর পূজা করে থাকেন যা সাধারণ হিন্দুগণ করতে পারেন না। তারা একটি বস্তুকে আধার করে উপচার ও নিয়মনীতি ব্যবহার করে পূজা করেন। আর দেব-দেবী বিভিন্ন হওয়ায় পূজাবিধির উপচারও ভিন্ন হয়।

সুতরাং উপরিউক্ত পর্যালোচনার দ্বারা এটাই প্রমাণিত হয় যে, দেব-দেবীর পূজাভেদে উপচার ভিন্ন হয়। তার একথা যথার্থ বলে আমি সমর্থন করি।

**প্রশ্ন -৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সুমন রায় একজন দেবতার পূজা করেন। এই দেবতা মানুষকে শৈল্পিক জ্ঞান ও মেধা দান করেন। এই দেবতার পূজা করলে কাজে–কর্মে শিল্পনৈপুণ্য লাভ হয়। তাই শিল্পস্থপতি, কারবশিল্পী এবং শিল্প শ্রমিকরা ভাদ্র মাসের সংক্রান্তি তিথিতে এ দেবতার পূজার্চনা করে থাকেন। এ দেবতার পূজা পঞ্চোপচারে, দশোপচারে বা ষোড়শোপচারে করা যেতে পারে। **[ পাঠ–৮, ৯ ও ১০ ]**

ক. স্বস্তিবাচন শব্দের অর্থ কি? ১

খ. পূজার আধার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন পূজার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর সুমন রায় উক্ত দেবতাকে প্রসন্ন করে নিজ কর্মে পারদর্শিতা অর্জন করতে পারবে? মতামত দাও। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. স্বস্তিবাচন শব্দের অর্থ হলো শুভ কামনা।

খ. যে বস্তুর ওপর ভিত্তি করে পূজা করা হয় তাকে পূজার আধার বলে।

প্রতিমা, ঘট, পট, মণ্ডল, শালগ্রাম, পুস্তক, শিবলিঙ্গ ও জল– এ আটটি বস্তুই পূজার আধার। এ বস্তুগুলোর যেকোনো একটিতে পূজা করা যায়।

গ. উদ্দীপকে বিশ্বকর্মা পূজার কথা বলা হয়েছে।

আমরা জানি, হিন্দুধর্ম অনুসারে বিশ্বকর্মা শিল্পী ও ভাস্কর্য এবং যন্ত্রকৌশলের দেবতা। এ বিশ্বের মহান স্থপতি। পুরাণ অনুসারে তিনি দেবশিল্পী। তার কৃপায় মানুষ শিল্পকলা ও যন্ত্রবিদ্যায় পারদর্শিতা লাভ করে।

উদ্দীপকেও আমরা দেখতে পাই যে, সুমন রায় এমন একজন দেবতার পূজা করেন যিনি মানুষকে শৈল্পিক জ্ঞান ও মেধা দান করেন। এই দেবতার পূজা করলে কাজকর্মে শিল্পনৈপুণ্য লাভ হয়। সুতরাং এটা নির্দ্বিধায় বলা যায় যে, উদ্দীপকে বিশ্বকর্ম পূজার কথা বলা হয়েছে।

ঘ. আমি মনে করি সুমন রায় বিশ্বকর্মা দেবতাকে প্রসন্ন করে নিজ কর্মে পারদর্শিতা অর্জন করতে পারবে।

বিশ্বকর্মার পূজা করলে তার কৃপায় শিল্পনৈপুণ্য লাভ করা যায়। তাই সকল শিল্পস্থপতি, কারবশিল্পী এবং শ্রমিকরা তার পূজার্চনা করে থাকেন।

উদ্দীপকেও আমরা দেখতে পাই যে, সুমন রায় কর্মে শৈল্পিক নৈপুণ্য লাভ করার জন্য বিশ্বকর্মা দেবতার পূজা করেন। যিনি তাকে জ্ঞান ও মেধা দান করেন। বিশ্বকর্মা দেবতাকে প্রসন্ন এ দেবতা মানুষকে শিল্পনৈপুণ্য, কর্মদৰতা, কারবকার্য দৰতা ইত্যাদি দান করেন। এ শিল্পনৈপুণ্য অর্জনের হেতু মানুষ বিশ্বকর্মা দেবতার পূজা পঞ্চোপচারে, দশোপচারে বা ষোড়শোপচারে করে থাকে।

উপরিউক্ত পর্যালোচনার দ্বারা এটাই প্রমাণিত হয় যে, সুমন রায় বিশ্বকর্মা দেবতাকে প্রসন্ন করে পূজা করলে তার কৃপায় কার্যে শিল্পনৈপুণ্য অর্জন করতে পারবে –এ কথাকে আমি সমর্থন করি।

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ ঈশ্বরের কোনো গুণ বা শক্তি আকার পেলে তাকে কী বলে?**

**উত্তর :** দেবতা বা দেব–দেবী বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ কি বারে লক্ষ্মীপূজা করা হয়?**

**উত্তর :** বৃহস্পতিবারে লক্ষ্মীপূজা করা হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ কে বিষ্ণুর স্ত্রী?**

**উত্তর :** দেবী লক্ষ্মী শ্রীবিষ্ণুর স্ত্রী।

**প্রশ্ন ॥ ৪ ॥ ‘উৎসব’ মানে কী?**

**উত্তর :** উৎসব মানে আনন্দপূর্ণ অনুষ্ঠান।

**প্রশ্ন ॥ ৫ ॥ কয়টি বস্তুকে পূজার আধার বলে?**

**উত্তর :** ৮টি বস্তুকে পূজার আধার বলে।

**প্রশ্ন ॥ ৬ ॥ আচমন কী?**

**উত্তর :** আচমন বলতে হাত, পা, চোখ পরিষ্কার জল দিয়ে ধুয়ে বিশুদ্ধ জল তিনবার পান করতে হয়।

**প্রশ্ন ॥ ৭ ॥ বিশ্বকর্মার বাহন কি?**

**উত্তর :** হস্তী বিশ্বকর্মা দেবের বাহন।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ পূজাবিধি বলতে কী বোঝায়?**

**উত্তর :** হিন্দুধর্মে পূজা করার জন্য কতকগুলো নিয়ম অনুসরণ করা হয়। এ সকল নিয়মনীতিগুলোকে পূজাবিধি বলে।

পূজা করার জন্য বেশ কিছু সাধারণ বিধি বা নিয়ম–নীতি রয়েছে। যা পূজা করার সময় পালন করতে হয়। যেমন দেব–দেবীর আবাহন, ধ্যান, প্রাণপ্রতিষ্ঠা, পূজামন্ত্র পাঠ, পুষ্পাঞ্জলি প্রদান, প্রণামমন্ত্র পাঠ ও বিসর্জন।

**প্রশ্ন ॥ ২ ॥ পুষ্পপূজা সম্পর্কে কী জান বুঝিয়ে লেখ।**

**উত্তর :** দেব–দেবীকে সন্তুষ্ট করার জন্য এবং তাদের প্রতি ভক্তি ও ভালোবাসার নিদর্শন স্বরূ প বিভিন্ন রঙের পুষ্প দিয়ে পূজা করা হয়। একেক দেবতা একেক রকমের পুষ্প বিশেষভাবে পছন্দ করেন। তাই দেবতাদের পছন্দ অনুযায়ী পুষ্পপূজা করা হয়ে থাকে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কীভাবে লক্ষ্মীপূজার শিক্ষা আমাদের জীবনে প্রভাব ফেলে? ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রতিটি হিন্দু পরিবারে প্রতিদিন লক্ষ্মীপূজা করা হয়। এছাড়াও প্রতি সপ্তাহের বৃহস্পতিবারে এবং কোজাগরী পূর্ণিমা তিথিতে বিশেষ আয়োজনের মাধ্যমে লক্ষ্মীপূজা করা হয়, যা হিন্দু সমাজের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে একাত্মতাবোধের সৃষ্টি করে। লক্ষ্মীদেবী ধন–সম্পদ দান করেন। পূজার মধ্য দিয়ে লক্ষ্মীদেবীর ওপর বিশ্বাস স্থাপিত হয়। লক্ষ্মীদেবীর শান্ত স্বভাব পূজারিকেও শান্ত করে তোলে। তাই বলা যায়, লক্ষ্মীপূজার শিৰা আমাদের জীবনে গুরবত্বপূর্ণ অবদান রাখতে সহায়তা করে।